

## আয়োজিত হচ্ছে প্রথম সার্ক ক্যাম্পাস প্রযুক্তি উৎসব

সার্কভূক্ত ৮টি দেশের সেরা বিশ্ববিদ্যালয়গুলোর অংশগ্রহণে প্রথমবারের মতো দেশে অনুষ্ঠিত হতে যাচ্ছে সার্ক ক্যাম্পাস আইটি ফেস্টিভ্যাল। চলতি বছরের মাঝামাঝি সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটির (ডিইউআইটিএস) উদ্যোগে এ ফেস্টিভ্যাল অনুষ্ঠানের কথা রয়েছে। ২০১৪ সালের সেপ্টেম্বরে ৩য় জাতীয় ক্যাম্পাস প্রযুক্তি উৎসবের সমাপনী অনুষ্ঠানে সার্ক প্রযুক্তি উৎসব আয়োজনের ঘোষণা দেয়া হয়েছিল। এখন সেই ঘোষণা বাস্তবায়ন নিয়ে কাজ চলাচ্ছে। চলতি বছরের মাঝামাঝি সময়ে এ উৎসব আয়োজন করা হবে এবং উৎসব কমিটির পরবর্তী বৈঠকেই তারিখ ঠিক করা হবে। বুধবার এ ফেস্টিভ্যাল আয়োজনের প্রস্তুতি বিষয়ে প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভীর সঙ্গে এক সৌজন্য বৈঠক করেন ডিইউআইটিএস প্রতিনিধি দল। বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মোহাম্মদ মোহাম্মদ সিদ্দিকীর নেতৃত্বে প্রধান উপদেষ্টা



ও ড. গওহর রিজভীকে প্রধান উপদেষ্টা করে ডিইউআইটিএসের প্রতিষ্ঠাতা সভাপতি আবদুল্লাহ আল ইমরানের নেতৃত্বে ১৯ সদস্যের উৎসব বাস্তবায়ন কমিটি গঠনের প্রস্তাব করা হয়। বৈঠকে ডিইউআইটিএসের উপদেষ্টা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যপ্রযুক্তি ইন্সটিটিউটের পরিচালক ড. মোহাইমিন আস সাকিবের নেতৃত্বে ৫ সদস্যের গুই প্রতিনিধি দলে ইমরান ছাড়াও সংগঠনের সাধারণ সম্পাদক আরিফ দেওয়ান, ইফতেখার আলম এবং সিরফাতুল ইসলাম উপস্থিত ছিলেন। ড. মোহাইমিন আস সাকিব জানান, তথ্যপ্রযুক্তি খাতের ভবিষ্যৎ নেতাদের মধ্যে সেতুবন্ধন রচনা এবং তথ্যপ্রযুক্তি বাফব ক্যাম্পাস গঠনে আঞ্চলিক উদ্ভাবনী ভাবনা বিনিময়ের উদ্দেশ্যে সার্কভূক্ত ৮টি দেশের প্রথিতযশা সব বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিদের অংশগ্রহণে এট উৎসব আয়োজনের প্রস্তুতি চলছে।

● রেহানা রহমান রেনু